# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ০৩/ক্যাম্প/বগ/৭০২(২য়)/৬০০ তারিখ ০২/০৬/২০২১

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার-আদমদিঘী
ডাক ও উপজেলা-আদমদিঘী, জেলা-বগুড়া

বিষয় : বেতন-ভাতা উত্তোলন প্রসঙ্গে।

সূত্র : জালাল উদ্দিন আহমেদ কলেজ, আদমদিঘী, বগুড়া'র ২২ জন শিক্ষক-কর্মচারীবৃন্দের গত ২৭/০৫/২০২১ খ্রীঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার আদমদিঘী উপজেলাধীন জালাল উদ্দিন আহমেদ কলেজের শিক্ষক-কর্মচারীবৃন্দের বেতন-ভাতা, পরবর্তী কমিটি গঠিত না হওয়া পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার-আদমদিঘী এবং প্রতিষ্ঠানটির ২য় জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ রওশন আলম, সহকারী অধ্যাপক (গণিত)-এর যৌথ স্বাক্ষরে উত্তোলন করার অনুমতি দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

০২/০৬/২০২১ খ্রিঃ

প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর .................................. তারিখ ..................................

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া
৪। মোঃ রওশন আলম, সহকারী অধ্যাপক (গণিত)
জালাল উদ্দিন আহমেদ কলেজ
ডাক-চাঁপাপুর, উপজেলা-আদমদিঘী, জেলা-বগুড়া
৫। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ নশরৎপুর শাখা, আদমদিঘী, বগুড়া

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-jibeka vata-01

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ০৯/কলেজ/ডিস্পোজ/৬০৯ তারিখঃ ০২/০৮/২০২২

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : সভাপতি, এডহক কমিটি
আলীপুর মডেল কলেজ
ডাক-বেলঘরিয়া, উপজেলা-দুর্গাপুর, জেলা-রাজশাহী

বিষয় : ১২/০৪/২০২১ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিদের্শক্রমে জানানো যাচ্ছে যে, ১২/০৪/২০২১ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (আগামী বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

০২/০৮/২২
প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখঃ ..........................

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) ঃ-
১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। জেলা প্রশাসক, রাজশাহী
৩। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী
৪। মোঃ সাইফুল ইসলাম
অধ্যক্ষ, আলীপুর মডেল কলেজ
ডাক-বেলঘরিয়া, উপজেলা-দুর্গাপুর, জেলা-রাজশাহী
৫। মোঃ জামাল উদ্দীন
প্রভাষক (অর্থনীতি) ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সাবেক)
আলীপুর মডেল কলেজ
ডাক-বেলঘরিয়া, উপজেলা-দুর্গাপুর, জেলা-রাজশাহী

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

# Dispose (নিষ্পত্তি) সভার কার্যবিবরণী

## শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ আলীপুর মডেল কলেজ, দুর্গাপুর, রাজশাহী।

অদ্য ১২/০৪/২০২১ খ্রীঃ তারিখ ৩.০০ ঘটিকায় সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর সভা কক্ষে Dispose (নিষ্পত্তি) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন। উক্ত সভায় Dispose (নিষ্পত্তি) কমিটির নিম্ন বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | এ্যাডভোকেট, মোঃ ইয়াহিয়া,<br>এ্যাডভোকেট,জজ কোর্ট, রাজশাহী। | সদস্য |
| ২. | এ্যাডভোকেট, মোঃ এজাজুল হক মানু,<br>সহকারী সরকারী কৌশুলী, জজ কোর্ট, রাজশাহী। | সদস্য |
| ৩. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৪. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৫. | আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৬. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব মহোদয়কে সভার কাজ শুরু করবার জন্য আহবান জানান।

অত:পর সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, অত্র বোর্ডের অধিভুক্ত আলীপুর মডেল কলেজের অধ্যক্ষ (দাবীদার) জনাব মোঃ সাইফুল ইসলাম-এর বর্ণনা মতে, অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত গত ১৯/০১/২০১৪ খ্রিঃ তারিখের গভর্নিং বডিতে জনাব মোঃ মুনছুর রহমান সরকার নামক এক ব্যক্তি সভাপতি ছিলেন। পরবর্তীতে তৎকালীন মাননীয় স্থানীয় সংসদ সদস্যের ডিও পত্রের ভিত্তিতে অত্র দপ্তরের স্মারক নং-০১/কল/রাজ/১০১৩/৫৩৪, তারিখ-২৯/০৭/২০১৫ খ্রিঃ মোতাবেক জারীকৃত পত্রের মাধ্যমে জনাব মোঃ মুনছুর রহমান সরকার-কে বাদ দিয়ে জনাব মোঃ আনোয়ার হোসেন নামক ব্যক্তিকে উক্ত কমিটির অবশিষ্ট মেয়াদকালের জন্য সভাপতি মনোনীত করা হয়। বর্ণিত অবস্থায় ক্ষুব্ধ হয়ে উক্ত পত্রের আইনগত বৈধতা চ্যালেঞ্জ করে জনাব মোঃ মুনছুর রহমান সরকার মহামান্য হাইকোর্টে

৮৪৩৭/২০১৫ নম্বর রীট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত রুল জারী করেন এবং উক্ত পত্রের কার্যক্রম স্থগিত করেন এবং বাকী ৬ মাস মেয়াদের জন্য তাকে স্বপদে বহাল রাখার আদেশ দেন। সেই ধারাবাহিকতায় গত ১২/১২/২০১৫ খ্রীঃ তারিখে চলমান সভাপতি জনাব মোঃ মুনছুর রহমান সরকার বিধি মোতাবেক অধ্যক্ষের শূন্য পদে জনাব মোঃ আজগর আলী প্রাং কে নিয়োগ দেন। সভাপতির এরূপ সিদ্ধান্তের বিরুদ্ধে অধ্যক্ষ (দাবীদার) মোঃ সাইফুল ইসলাম স্থায়ী নিষেধাজ্ঞা চেয়ে দুর্গাপুর সহকারী জজ আদালতে ৩৫/২০১৬ নং অঃ প্রঃ মামলা দায়ের করেন। শুনানী অন্তে গত ০৯/০৬/২০১৬ খ্রিঃ তারিখে উক্ত আদালত তার স্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনা নামুঞ্জুর করেন এবং মহামান্য হাইকোর্টের ৮৪৩৭/২০১৫ নং রীট মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অত্র কলেজের সিনিয়র প্রভাষক জনাব মোঃ জিল্লুর রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের নির্দেশনা দেন। উক্ত আদেশে সংক্ষুব্ধ হয়ে অধ্যক্ষ (দাবীদার) মোঃ সাইফুল ইসলাম মাননীয় জেলা জজ আদালত, রাজশাহীতে ৩১/২০১৬ নং মিস আপীল দায়ের করেন। অত:পর শুনানী অন্তে মাননীয় আদালত আপীল না মুঞ্জুর করেন। উল্লেখ্য রীট পিটিশন নম্বর ৮৪৩৭/২০১৫ মামলাটি চূড়ান্ত নিষ্পত্তি না হওয়ায় মাননীয় জেলা জজ সাহেব ৩৫/২০১৬ নং মামলাটি পুনরায় নিম্ন আদালতে প্রেরণ করেন, যা বর্তমানে চলমান রয়েছে। এদিকে অধ্যক্ষ (দাবীদার) মোঃ সাইফুল ইসলামকে সদস্য সচিব এবং শিবপুর বালিকা বিদ্যালয়ের তৎকালীন প্রধান শিক্ষক জনাব মোঃ সাইফুল ইসলামকে সভাপতি করে বোর্ড কর্তৃক এ্যাডহক কমিটি অনুমোদন করাহলে অপর অধ্যক্ষ (দাবীদার) জনাব মোঃ আজগর আলী প্রাং জেলা রাজশাহীর দুর্গাপুর সহকারী জজ আদালতে ০২/২০১৯ নম্বর অঃ প্রঃ মামলা দায়ের করেন এবং মাননীয় আদালত তার অনুকূলে অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ দেন। অত:পর উক্ত অস্থায়ী নিষেধাজ্ঞার বিরুদ্ধে অধ্যক্ষ (দাবীদার) মোঃ সাইফুল ইসলাম মাননীয় জেলা জজ আদালত, রাজশাহীতে ৪৬/২০১৯ নং মিস আপীল দায়ের করেন। শুনানী অন্তে মাননীয় আদালত পূর্বের অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ স্থগিত করেন। এমতাবস্থায় উল্লিখিত মামলা সমূহ বিভিন্ন আদালতে চলমান থাকার কারণে বিগত এডহক কমিটি গত ০৬/০৫/২০২০ খ্রীঃ তারিখে এক সভা আহবান করেন এবং কলেজের অর্থনীতি বিষয়ের প্রভাষক জনাব মোঃ জামাল উদ্দিনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। বর্ণিত অবস্থায় অধ্যক্ষ (দাবীদার) মোঃ সাইফুল ইসলাম মহামান্য হাইকোর্টে ৬২৮/২০২১ নং রীট পিটিশন

৩১/০৫/২০২৩

দায়ের করলে মাননীয় আদালত রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে ৮ (আট) সপ্তাহের মধ্যে আবেদনকারীর গত ২২/১২/২০২০ খ্রীঃ তারিখের আবেদনটি নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করেন। উক্ত আবেদনের (যা উপরোক্ত রীট পিটিশনে সংযুক্ত জি হিসাবে চিহ্নিত আছে) মূল বক্তব্য হল অত্র বোর্ডের কলেজ পরিদর্শক মহোদয় কর্তৃক গত ১৯/০১/২০১৪ খ্রীঃ তারিখে অনুমোদিত কমিটিতে মোঃ মুনছুর রহমান সরকার নামীয় এক ব্যক্তি সভাপতি হিসাবে মনোনীত ছিলেন। পরবর্তীতে গত ২৯/০৭/২০১৫ খ্রীঃ তারিখে ইস্যুকৃত ০১/কল/রাজ/১০১৩/৫৩৪ নম্বর পত্রের মাধ্যমে সভাপতি পদ থেকে মোঃ মুনছুর রহমানকে বাদ দিয়ে মোঃ আনোয়ার হোসেন নামীয় এক ব্যক্তিকে উক্ত পদে স্থলাভিষিক্ত করলে জনাব মোঃ মুনছুর রহমান ক্ষুব্ধ হয়ে উক্ত পত্রের আইনগত বৈধতা চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্টে ৮৪৩৭/২০১৫ নম্বর রীট পিটিশন দায়ের করেন। অত:পর মাননীয় হাইকোর্ট রুল জারী করেন এবং উক্তপত্রের কার্যক্রম স্থগিত করেন। পরবর্তীতে Non prosecution করার কারণে Rule Discharge হয়। জনাব মোঃ আনোয়ার হোসেন সভাপতি নিযুক্ত হওয়ার পর আইনের বিধিবিধান প্রতিপালন করত গত ১৫/০৮/২০১৫ খ্রীঃ তারিখে জনাব মোঃ সাইফুল ইসলামকে অধ্যক্ষ পদে নিয়োগ দেন। অতপর তিনি গত ১৬/০৮/২০১৫ খ্রীঃ তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন। আলিপুর আলিম মাদ্রাসার শিক্ষক জনাব মোঃ আসগর আলী তার অর্থাৎ জনাব মোঃ সাইফুল ইসলামের সুষ্ঠ কর্মসম্পাদনে বাধার হুমকি দিলে তিনি জেলা রাজশাহীর দুর্গাপুর থানার বিজ্ঞ সহকারী জজ আদালতে ৩৫/২০১৬ নম্বর অঃ প্রঃ মোকদ্দমা দায়ের করে অস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনা করলে বিজ্ঞ আদালত তার প্রার্থনা নামঞ্জুর করে আদেশ দেন যে, উক্ত কলেজের প্রভাষক জনাব মোঃ জিল্লুর রহমান আলীপুর মডেল কলেজের অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন। অত:পর তিনি উক্ত আদেশ চ্যালেঞ্জ করে জেলা জজ রাজশাহী মহোদয়ের আদালতে ৩১/২০১৬ নম্বর মিস আপীল দায়ের করেন। মাননীয় আপীল আদালত শুনানী অন্তে বিচারিক আদালত প্রদত্ত উক্ত সময়ে মোঃ জিল্লুর রহমান ১ নম্বর বিবাদী প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন, উল্লিখিত অংশটি রদ-রহিত করতঃ আদেশ প্রদান করেন। অত:পর আসগর আলী আলীপুর মডেল কলেজের এডহক কমিটির বৈধতা চ্যালেঞ্জ করে বিজ্ঞ আদালতে ০২/২০১৯ নম্বর অঃ প্রঃ মোকদ্দমা দায়ের করে উক্ত কলেজের অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালনের ব্যাপারে অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদন করলে বিজ্ঞ আদালত তার

অনুকূলে অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ দেন। অতঃপর জনাব মোঃ সাইফুল ইসলাম উক্ত অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ চ্যালেঞ্জ করে মাননীয় জেলা জজ, রাজশাহী, মহোদয়ের আদালতে ৪৬/২০১৯ নম্বর মিস আপীল দায়ের করে বিচারিক আদালত প্রদত্ত আদেশ স্থগিত চাইলে মাননীয় জেলা জজ, রাজশাহী, মহোদয় শুনানী অন্তে উক্ত আদেশ স্থগিত করেন। বর্তমানে উক্ত আপীল চলমান আছে এবং জনাব মোঃ সাইফুল ইসলাম অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করে আসছেন। তিনি এডহক কমিটি গঠনের অনুমতি প্রার্থনা করলে কলেজ পরিদর্শক মহোদয় তাকে এডহক কমিটি গঠনের অনুমতি দেন। অতপর তিনি এডহক কমিটি গঠন করতঃ তা অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ করলে বোর্ড অনুমোদন করে। উক্ত এডহক কমিটির সভাপতি হন দুর্গাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা। এডহক কমিটির সভাপতি ক্ষমতার অপব্যবহার করে তার প্রতি চাপ প্রয়োগ করতঃ গত ০৬/০৫/২০২০ খ্রীঃ তারিখে সভা আহ্বান করিয়ে শুধুমাত্র মামলা করবার কারণে আইনের বিধি লংঘন করে উক্ত কলেজের অর্থনীতি বিষয়ের প্রভাষক জনাব মোঃ জামাল উদ্দীনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতঃ তাকে কলেজের কাগজপত্র বুঝিয়ে দেবার জন্য তার প্রতি বারংবার পত্র ইস্যু করছেন। কারণে তিনি এডহক কমিটির সিদ্ধান্ত অবৈধ হেতু তা বাতিলের যথা আদেশের প্রার্থনা জানিয়ে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয় সমীপে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ যেহেতু কলেজ পরিদর্শক মহোদয় গত ২৯/০৭/২০১৫ খ্রীঃ তারিখে ইস্যুকৃত ০১/কল/রাজ/১০১৩/৫৩৪ নম্বর পত্রের মাধ্যমে মোঃ মুনছুর রহমানকে সভাপতি পদ থেকে অপসারিত করে জনাব মোঃ আনোয়ার হোসেনকে সভাপতি হিসাবে নিয়োগ দিয়েছেন এবং যেহেতু জনাব মোঃ আনোয়ার হোসেন রীট পিটিশনার জনাব মোঃ সাইফুল ইসলামকে উক্ত কলেজের অধ্যক্ষ পদে নিয়োগ দিয়েছেন এবং যেহেতু তিনি অধ্যক্ষ পদে যোগাদন করতঃ দায়িত্বপালনরত আছেন এবং যেহেতু জনাব মোঃ মুনছুর রহমান উক্ত পত্রের আইনগত বৈধতা চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্টে ৮৪৩৭/২০১৫ নম্বর রীট পিটিশন দায়ের করেন এবং যেহেতু উক্ত মামলায় মাননীয় আদালত Rule ও stay order দেন এবং যেহেতু মাননীয় আদালত উক্ত পত্র বেআইনী মর্মে ঘোষণা দেওয়ার পূর্বেই রীট পিটিশনার জনাব মোঃ মুনছুর রহমান উক্ত রীট পিটিশন Non prosecution করেন সেহেতু উক্ত পত্র বেআইনী ঘোষিত না হওয়ায় উক্ত পত্র বলে

০৪/০৫/২০২০

নিয়োগ প্রাপ্ত সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন কর্তৃক সম্পাদিত সকল কার্যই আইনানুগ এবং সেহেতু মোঃ আনোয়ার হোসেন কর্তৃক ইস্যুকৃত নিয়োগপত্র মূলে যোগদানকৃত বর্তমান অধ্যক্ষ জনাব মোঃ সাইফুল ইসলাম সাহেবের নিয়োগ আইনানুগ এবং সেহেতু তিনি আলীপুর মডেল কলেজের বৈধ অধ্যক্ষ মর্মে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হল। সেই সঙ্গে আলীপুর মডেল কলেজের এডহক কমিটি কতৃক গৃহীত গত ০৬/০৫/২০২০ খ্রীঃ তারিখের সিদ্ধান্ত অবৈধ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত অর্থাৎ আলীপুর মডেল কলেজের অধ্যক্ষ জনাব মোঃ সাইফুল ইসলাম কর্তৃক গত ২২/১২/২০২০ খ্রীঃ তারিখের আবেদন পত্র যা মাননীয় হাইকোর্ট ৬২৮/২০২১ নম্বর রীট পিটিশন মামলায় নিস্পত্তি করবার জন্য অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে নির্দেশ দিয়েছেন,তাই উক্ত আবেদন পত্রে প্রার্থীত আবেদন সর্বসম্মতিক্রমে মঞ্জুর করা হল।

৩১/০৫/২০২০

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
সদস্য সচিব,
Dispose (নিস্পত্তি) কমিটি
ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

৩১.৫.২১

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
সভাপতি,
Dispose (নিস্পত্তি) কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী